# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৬৪

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৬. দ্বিতীয় অনুচ্ছেদ - নাপাক ব্যক্তির সাথে মেলামেশা

## আরবী

وَعَنْ عَمَّارِ بْنِ يَاسِرٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «ثَلَاثٌ لَا تَقْرَبُهُمُ الْمَلَائِكَةُ جِيفَةُ الْكَافِرِ وَالْمُتَضَمِّخُ بِالْخَلُوقِ وَالْجُنُبُ إِلَّا أَن يتَوَضَّأ» . رَوَاهُ أَبُو دَاوُد

## বাংলা

৪৬৪-[১৪] ’আম্মার ইবনু ইয়াসির (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ এমন তিন ব্যক্তি আছে, মালায়িকাহ্ যাদের ধারে কাছেও যান না- (১) কাফিরের মৃতদেহ (২) খালূক্ব ব্যবহারকারী ও (৩) নাপাক ব্যক্তি, উযূ (ওযু/ওজু/অজু) না করা পর্যন্ত। (আবূ দাঊদ)[1]

## ফুটনোট

[1] হাসান লিগয়রিহী : আবূ দাঊদ ৪১৮০, সহীহুত্ তারগীব ১৭৩।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: কাফিরের মৃতদেহ সম্পর্কে ‘আত্বা আল খুরাসানীর রিওয়ায়াতে রয়েছে যে, নিশ্চয় মালায়িকাহ্ (ফেরেশতাগণ) কাফিরের জানাযায় কল্যাণের সাথে উপস্থিত হন না। আর খালূক্ব বলতে জা‘ফরান কিংবা এ জাতীয় বস্ত্ত মিশ্রিত সুগন্ধিকে বুঝায়। আর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জা‘ফরান ব্যবহার করতে নিষেধ করেছেন।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55023

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন